গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু তাহের মো: মাসুদ রানা<br>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| তারিখ | : | ১১ জুলাই ২০২৩ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিত অংশগ্রহণকারীগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ইনস্টিটিউটের সকল শাখার সার্বিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবগত হন। ইনস্টিটিউটের সকল কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>জুন ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।</td><td>কোনে সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০২</td><td>২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ এর তথ্য ওয়েবসাইটে আপলোড বিষয়ে আলোচনা করা হয়</td><td>২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ এর তথ্য ওয়েবসাইটে আপলোডে ঘাটতি থাকলে ১৬-০৭-২০২৩ তারিখের মধ্যে আপলোড নিশ্চিত করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৩</td><td>২০২৩-২০২৪ অর্থ বছরে গবেষণার বিষয় নির্ধারণ নিয়ে সভা আলোচনা করা হয়</td><td>গবেষণার বিষয় নির্ধারণের জন্য নিম্ন বর্ণিত কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রয়োজনের কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে।<br>১. রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট — সভাপতি<br>২. প্রতিনিধি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় — সদস্য<br>৩. প্রতিনিধি, বিপিএটিসি — সদস্য<br>৪. প্রতিনিধি, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ — সদস্য<br>৫. সহ: পরিচালক(গবেষণা)শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট — সদস্য সচিব</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারী পরিচালক(গবেষণা)</td></tr>
<tr><td>০৪</td><td>গবেষণার বিভিন্ন কার্যক্রম পরিচালনার ব্যয় বিভাজন তৈরীর জন্য সভার আলোচনা করা হয়</td><td>গবেষণার বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় ও সম্মানীসহ অন্যান্য ব্যয় বিভাজন তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে</td><td>সহকারী পরিচালক (অর্থ)<br>সহকারী পরিচালক(গবেষণা)</td></tr>
<tr><td>০৫</td><td>খন্ডকালীন নিয়োজিত ডাক্তার নিয়োগ নির্বাহী কাউন্সিলের গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>খন্ডকালীন ডাক্তার নিয়োগের বিষয় সংক্রান্ত তথ্য বিভিন্ন সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নীতিমালা/পদ্ধতি সংগ্রহ করে প্রস্তাবনা প্রনয়ন করত: আগামী সভার উপস্থাপন করতে হবে</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৬</td><td>ডিপ্লোমা কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে সভায় আলোচনা করা হয়</td><td>ডিপ্লোমা কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি যথাশীঘ্রই পত্রিকায় প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে</td><td>উপপরিচালক (প্রশিক্ষণ ও মুল্যায়ন)<br>সহকারী পরিচালক(প্রশিক্ষণ)</td></tr>
<tr><td>০৭</td><td>প্রশিক্ষণ পরিচালনার ব্যয় বিভাজন প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা করা হয়</td><td>প্রশিক্ষণ পরিচালনার ব্যয় বিভাজন প্রস্তুতের জন্য বিভিন্ন সরকারী/স্বায়ত্বশাসিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহের প্রস্তাবনা প্রস্তুত করতে হবে।</td><td>১) রেজিস্ট্রার<br>২) উপপরিচালক (প্রশিক্ষণ ও মুল্যায়ন)<br>৩) সহকারী পরিচালক(প্রশিক্ষণ)</td></tr>
</table>

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৮ | নতুন নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের বসার ব্যবস্থা বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রভাষক ও ইন্সট্রাক্টরদের নতুন একাডেমিক ভবনে এবং সহকারী পরিচালকসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারীদের প্রশাসনিক ভবনে বসার ব্যবস্থাগ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৯ | ২০২৩-২০২৪ অর্থ বছরে এপিএ ও শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয় | ২০২৩-২০২৪ অর্থ বছরে এপিএ ও জাতীয় শুদ্ধাচার কৌশল যথাসময়ে বাস্তবায়নের জন্য ধাপ-ভিত্তিক বাজেট সম্পর্কে ক্যালেন্ডার তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারী পরিচালক(প্রশাসন) |
| ১০ | ডিপ্লোমা কোর্সের সিলেবাস তৈরীর বিষয়ে সভায় আলোচনা করা হয় | ডিপ্লোমা কোর্সের শুরুতে প্রশিক্ষণার্থীদের সিলেবাস প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যা:) |
| ১১ | ইনস্টিটিউটের অনুকূলে প্রাপ্ত ৩.০০ একর ও ৩.৩৮ একরসহ মোট =৬.৩৮ একর ভুমির নামজারীর বিষয়ে সভার আলোচনা করা হয় | ইনস্টিটিউটেরে অনুকূলে প্রাপ্ত ৩.০০ একর ও ৩.৩৮ একরসহ মোট =৬.৩৮ একর ভুমির নামজারীর বিষয়ে দ্রুত আবেদন করার জন্য সভার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১২ | বৈদ্যুতিক লাইনের বিভিন্ন সমস্যা নিয়ে সভার আলোচনা করা হয় | বৈদ্যুতিক লাইনের বিভিন্ন সমস্যার সমাধানের কল্পে ব্যয় নির্ধারণের প্রাক্কালন তৈরীর জন্য মন্ত্রণালয়ে পত্র প্রদান করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৩ | আগামী ০৫ আগস্ট ২০২৩ তারিখে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী "ক" শ্রেণির দিবসে হিসেবে উদযাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয় | আসন্ন ০৫ আগস্ট ২০২৩ তারিখে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী "ক" শ্রেণির দিবসে হিসেবে মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারী পরিচালক(প্রশাসন) |
| ১৪ | ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত পূর্বক ১৫ দিনের মধ্যে উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৫ | ২০২২-২০২৩ অর্থ বছরে অব্যয়িত অর্থ সমর্পনের বিষয়ে সভায় আলোচনা করা হয় | ২০২২-২০২৩ অর্থ বছরে অব্যয়িত অর্থ যাথশীঘ্রই সমর্পনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৬ | ইনোভেশন কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয় | ইনেভেশন কার্যক্রম হিসেবে ওয়েবসাইটে ডাটাবেজ তৈরীর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন) |
| ১৭ | জুন ২০২৩ মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন বিষয়ে সভায় আলোচনা করা হয়। কর্মচারীদের কাজের মান-উন্নয়ন বিষয় এ পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ক) এপ্রিল ২০২৩ মাসে ৩য় শ্রেণীর কর্মচারী জনাব মোছা: আকলিমা খাতুন, কম্পিউটার অপারেটর, জনাব মীর গোলাম মোস্তফা, ইউডিএ, ৪র্থ শ্রেণীর কর্মচারী জনাব সীমা রানী, পরিচ্ছন্নতা কর্মীকে শ্রেষ্ঠ কর্মচারী হিসেবে নির্বাচন করে তাদের পুরস্কৃত করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:৩১।৭।২০২৩

আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৩০
ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd